



অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি ডাকসু সদস্য সর্বমিত্র চাকমা



ডাকসু সদস্য সর্বমিত্র চাকমা। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) কার্যনির্বাহী সদস্য সর্বমিত্র চাকমা অসুস্থ হয়ে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বৃহস্পতিবার (২ জুলাই) রাতে তার ভেরিফায়েড ফেসবুক আইডি থেকে প্রকাশিত এক পোস্টে বিষয়টি জানানো হয়। পোস্টটি তার অ্যাডমিন প্যানেল থেকে দেওয়া হয়েছে। পোস্টে উল্লেখ করা হয়, গত তিন দিন ধরে শারীরিক অসুস্থতার কারণে তিনি হাসপাতালে ভর্তি রয়েছেন। এ সময় বিভিন্ন গুরুত্বপূর্ণ ফোনকল ও বার্তা এলেও শারীরিক অবস্থার কারণে সেগুলোর জবাব দেওয়া সম্ভব হয়নি। এ জন্য সবার কাছে আন্তরিক দুঃখ প্রকাশ করা হয়েছে।

এর আগে বুধবার হাসপাতালে গিয়ে সর্বমিত্র চাকমার খোঁজ নেন ডাকসুর সহ-সভাপতি (ভিপি) সাদিক কায়ুম ও ছাত্রপরিবহন বিষয়ক সম্পাদক আসিফ আব্দুল্লাহ। তারা চিকিৎসকদের সঙ্গে কথা বলে তার শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং দ্রুত সুস্থতার জন্য সবার কাছে দোয়া কামনা করেন। তবে কী কারণে তিনি অসুস্থ হয়েছেন বা তার বর্তমান শারীরিক অবস্থার বিস্তারিত সম্পর্কে কোনো তথ্য জানানো হয়নি।